

যুগান্তর

প্রিন্ট: ২১ জুন ২০২৫, ০১:১৬ পিএম

শিক্ষাঙ্গন

শীর্ষে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়



গাজীপুর মহানগর প্রতিনিধি

প্রকাশ: ১৯ জুন ২০২৫, ১০:৩৩ পিএম

শীর্ষে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

টাইমস হায়ার অ্যাডুকেশন (টিএইচই) ইউনিভার্সিটি ইমপ্যাক্ট র্যাংকিং ২০২৫ এ গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (গাকৃবি) প্রথম স্থান অর্জন করেছে।

যুক্তরাজ্যভিত্তিক বিখ্যাত শিক্ষা সাময়িকী টাইমস হায়ার অ্যাডুকেশন (টিএইচই) তাদের অফিশিয়াল ওয়েবসাইটে বুধবার এ র্যাংকিং প্রকাশ করেছে। প্রকাশিত র্যাংকিং অনুযায়ী গাকৃবি দেশের সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম ও আন্তর্জাতিক পর্যায়ে ৮০১-১০০০তম অবস্থানে রয়েছে।

জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ১৭টি অভীষ্ট গোলার ওপর ভিত্তি করে বিশ্বজুড়ে ১৩০টি দেশের ২ হাজার ৫২৬টি স্বনামধন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের অবদান ও কার্যক্রমের ওপর মূল্যায়ন করে র্যাংকিংটি করা হয়েছে। এর আগে চলতি বছরের জানুয়ারি মাসে টাইমস হায়ার ‘ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র্যাংকিং ২০২৫’ এ দেশ সেরা হয়েছিল গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।

এর আগে চলতি বছরের জানুয়ারি মাসে টাইমস হায়ার ‘ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র্যাংকিং ২০২৫’ এ দেশ সেরা হয়েছিল বিশ্ববিদ্যালয়টি। এর মধ্যে লাইফ সায়েন্স ক্যাটাগরিতে দেশের সব পাবলিক-প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান অধিকার করে এ বিশ্ববিদ্যালয়। উপাচার্য অধ্যাপক ড. জিকেএম মোস্তাফিজুর রহমান বলেন, এ স্বীকৃতি আমাদের শিক্ষা, গবেষণা ও টেকসই উন্নয়নে অব্যাহত প্রচেষ্টার আন্তর্জাতিক স্বীকৃতি।